বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুজিব শতবর্ষ MUJIB 100

# তথ্য অধিকার আইন ২০০৯

তথ্য আমার অধিকার
জানা আছে কি সবার

তথ্য আমার অধিকার
জানতে হবে সবার




প্রচারে

## জয়িতা ফাউন্ডেশন

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

# তথ্য
# অধিকার আইন
# ২০০৯

(১) **তথ্য প্রদানের সময়সীমাঃ** তথ্য প্রাপ্তির অনুরোধের তারিখ হতে ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে, তবে আবেদনকৃত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিটের সংশ্লিষ্টতা থাকলে আবেদন প্রাপ্তির তারিখ হতে অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবস।

(২) **তথ্য অধিকার আইনে ফরমঃ** ফরম 'ক' (বিধি-৩) তথ্য প্রাপ্তির আবেদন পত্র, ফরম 'খ' (বিধি-৫) তথ্য সরবরাহের অপারগতার নোটিশ, ফরম 'গ' (বিধি-৬) আপীল আবেদন ।

(৩) **তথ্যের মূল্য ও মূল্য পরিশোধ পদ্ধতিঃ** ফরম 'ঘ' (বিধি-৮) তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি।

(৪) **স্বপ্রণোদিত তথ্যের তালিকাঃ**

ক) জয়িতা ফাউন্ডেশনের সাংগঠনিক কাঠামোর বিবরণ।

খ) জয়িতা ফাউন্ডেশনের কার্যক্রম (এলোকেশন অব বিজনেস)

গ) জয়িতা ফাউন্ডেশনের কার্যবন্টন।

ঘ) জয়িতা ফাউন্ডেশনের কর্মকর্তাদের নাম, পদবী ও দায়িত্ব এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা।

ঙ) জয়িতা ফাউন্ডেশনের মানবসম্পদ ব্যবস্থাপনা নীতিমালা-২০১৭ ও আর্থ ব্যবস্থাপনা নীতিমালা-২০১৭

চ) জয়িতা ফাউন্ডেশনের বার্ষিক প্রতিবেদন।

ছ) জয়িতা ফাউন্ডেশনের বাজেট ও বাজেট প্রক্ষেপণ (অনুন্নয়ন ও উন্নয়ন)

জ) নাগরিক সনদ।

ঝ) তথ্য অধিকার আইন অনুযায়ী নিয়োজিত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, আপিল কর্তৃপক্ষের নাম, পদবী ও ঠিকানা।

ঞ) সকল বিজ্ঞপ্তি।

(৫) **আপীল প্রক্রিয়া ও সময়সীমাঃ** নির্দিষ্ট সময়ে তথ্য লাভে ব্যর্থ হলে কিংবা দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ হইলে উক্ত সময়সীমা অতিক্রান্ত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করিতে পারিবে।

(৬) **তথ্য প্রদান বাধ্যতামূলক নয় এরূপ তথ্যঃ**

ক) তথ্য অধিকার আইন-২০০৯ এর ৭ ধারায় উল্লিখিত তথ্য।

খ) মন্ত্রণালয় সংক্রান্ত মন্ত্রিপরিষদের গোপনীয় সিদ্ধান্ত/নির্দেশনা/ অনুশাসন।

গ) মন্ত্রণালয় সংক্রান্ত প্রধানমন্ত্রীর গোপনীয় সিদ্ধান্ত/নির্দেশনা/ অনুশাসন।

ঘ) রাষ্ট্রপতি প্রদত্ত গোপনীয় সিদ্ধান্ত/নির্দেশনা/ অনুশাসন।

ঙ) কোন মন্ত্রণালয়ের সচিব/মন্ত্রী কর্তৃক গোপনীয় বিষয় সংক্রান্ত তথ্য।

চ) রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোয়েন্দা কার্যে নিয়োজিত সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রতিবেদন।